

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায়
পল্লী ভবন, ৫ কাওরানবাজার, ঢাকা ১২১৫
www.iresppw-brdb.gov.bd/Fax 8189029

স্মারক নম্বর:-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০৮৮.২১- ২৭০

তারিখ: ১৫.০৪.২০২৬

বিষয়: ২০২৫-২৬ অর্থবছরের ইরেসপো প্রকল্পের সংশোধিত বাজেটের কতিপয় ব্যয় স্থগিত/হ্রাসকরণ।


সূত্র: ০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২.৫৯৬, তারিখ: ০৫.০৪.২০২৫ খ্রি. (পরিপত্র)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মধ্যপ্রাচ্যের চলমান উত্তেজনা ও যুদ্ধের ফলে উদ্ভূত বৈশ্বিক পরিস্থিতি বিবেচনায় অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পরিপত্রের আলোকে ২০২৫-২৬ অর্থবছরের অবশিষ্ট সময়ের জন্য নিম্নোক্ত খাতসমূহ নিম্নোক্তভাবে ব্যয়ের নির্দেশনা প্রদান করা হলো:

- ১। প্রশিক্ষণ (৩২৩১৩০১) খাতে অব্যয়িত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে;
- ২। বিদ্যুৎ (৩২১১১১৩), পেট্রোল অয়েল ও লুব্রিকেন্ট (৩২৪৩১০১), গ্যাস ও জ্বালানি (৩২৪৩১০২) ও ভ্রমণ ব্যয় (৩২৪৪১০১) খাতে অবশিষ্ট অর্থের ৭০% ব্যয় করা যাবে এবং
- ৩। কম্পিউটার ও আনুষঙ্গিক (৪১১২২০২) খাতে ব্যয় বন্ধ থাকবে।

সংযুক্তি: অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পরিপত্রের কপি।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ইরেসপো প্রকল্পভূক্ত সকল উপজেলা


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোন: ০২-৮১৮০১৪৪

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। উপপরিচালক, বিআরডিবি, ইরেসপো প্রকল্পভূক্ত সকল জেলা।
- ০২। মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৩। পরিচালক (সরেজমিন/পরিকল্পনা/অর্থ) ব্যক্তিগত সহকারী, বিআরডিবি, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। অফিস কপি।

স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-৫৯৬

তারিখ: ২২ চৈত্র ১৪৩২
০৫ এপ্রিল ২০২৬

পরিপত্র

বিষয়ঃ ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বাজেটের কতিপয় ব্যয় স্থগিত/হাসকরণ।

মধ্যপ্রাচ্যের চলমান উত্তেজনা ও যুদ্ধের ফলে উদ্ভূত বৈশ্বিক পরিস্থিতি বিবেচনায় ২০২৫-২৬ অর্থবছরে সকল সরকারি, স্বায়ত্তশাসিত, রাষ্ট্রায়ত্ত, সংবিধিবদ্ধ, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানী ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সংশোধিত বাজেটে কতিপয় খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ

এই আদেশ জারির তারিখ হতে চলতি ২০২৫-২৬ অর্থবছরের অবশিষ্ট সময়ে সংশোধিত বাজেটের আওতায় নিম্নবর্ণিত অর্থনৈতিক কোডসমূহে প্রদর্শিত বরাদ্দ নিম্নোক্তভাবে ব্যয় করা যাবে:

- (১) '৩২১১১০৬-আপ্যায়ন ব্যয়' খাতে অব্যয়িত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে;
- (২) মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর কর্তৃক পরিচালিত অভ্যন্তরীণ প্রশিক্ষণ (৩২৩১৩০১) খাতে অব্যয়িত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে। তবে বিভিন্ন সরকারি প্রশিক্ষণ ইনস্টিটিউট কর্তৃক পরিচালিত প্রশিক্ষণসমূহ এর আওতা বহির্ভূত থাকবে;
- (৩) সরকারি অর্থায়নে সকল ধরনের বৈদেশিক প্রশিক্ষণ/সেমিনার/সিম্পোজিয়াম/ওয়ার্কশপে অংশগ্রহণ বন্ধ থাকবে;
- (৪) '৩২১১১১৩-বিদ্যুৎ', '৩২৪৩১০১-পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট', '৩২৪৩১০২-গ্যাস ও জ্বালানি' ও '৩২৪৪১০১-ভ্রমণ ব্যয়' খাতে অবশিষ্ট অর্থের সর্বোচ্চ ৭০% ব্যয় করা যাবে। এর অতিরিক্ত ব্যয় করলে ভবিষ্যতে কোনো বকেয়া দাবী করা যাবে না;
- (৫) '৩২১১১১১-সেমিনার/কনফারেন্স ব্যয়' খাতে অবশিষ্ট অর্থের সর্বোচ্চ ৮০% ব্যয় করা যাবে। তবে সকল ধরনের সভা/সেমিনার/কনফারেন্স/সিম্পোজিয়াম/ওয়ার্কশপ এর আপ্যায়ন ব্যয়ে ৫০% ব্যয় করা যাবে;
- (৬) সকল ধরনের যানবাহন ক্রয় ('৪১১২১০১-মোটরযান', '৪১১২১০২-জলযান', '৪১১২১০৩-আকাশযান') খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় বন্ধ থাকবে;
- (৭) আবাসিক (৪১১১১০১)/অনাবাসিক (৪১১১২০১)/অন্যান্য ভবন স্থাপনা (৪১১১৩১৭) খাতে অবশিষ্ট অর্থের ৫০% ব্যয় করা যাবে। তবে চলমান নির্মাণ কাজ ন্যূনতম ৭০ শতাংশ সম্পন্ন হয়ে থাকলে অর্থ বিভাগের অনুমোদনক্রমে ব্যয় নির্বাহ করা যাবে;
- (৮) '৩২৫৮১৪১-অভ্যন্তরীণ শোভাবর্ধন' এবং '৪১১১৩২৫-অভ্যন্তরীণ শোভাবর্ধন' উভয় খাতে অব্যয়িত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে;
- (৯) '৪১১২২০২-কম্পিউটার ও আনুষঙ্গিক' খাতে ব্যয় বন্ধ থাকবে;
- (১০) পরিচালন বাজেটের আওতায় '৪১৪১১০১-ভূমি অধিগ্রহণ' খাতে ব্যয় বন্ধ থাকবে। তবে উন্নয়ন বাজেটের ক্ষেত্রে অধিগ্রহণ কার্যক্রমের সকল আনুষ্ঠানিকতা প্রতিপালনপূর্বক অর্থ বিভাগের পূর্বানুমোদন গ্রহণ সাপেক্ষে ব্যয় করা যাবে; এবং
- (১১) সরকারি কর্মচারীদের গাড়ী ক্রয়ে সুদমুক্ত বিশেষ অগ্রিম (৭২১৫১০৩-সুদমুক্ত ঋণ) প্রদান বন্ধ থাকবে।


(মোহাম্মদ জাকির হোসেন)

উপসচিব

৯৫১ ৪১৪৬

ই-মেইলঃ zakirh@finance.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
৩. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা
৫. সিনিয়র সচিব/সচিব, মন্ত্রণালয়/বিভাগ
৬. সাময়িক সচিব, আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা (সকল প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তা-কে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)